



রাষ্ট্র সমাচার

সনৎ বসু

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

লোকটা কাঁদছিল। রাস্তার ঠিক মাঝখানে দাঁড়িয়ে। রাস্তার দুধারে তখন জ্বলন্ত বাড়িঘর। মানুষের সুতীব্র আতর্নাদ। গুলি বোমার শব্দ। বাতাসে মাংস পোড়া গন্ধ। আর মাঝে মাঝেই মিলিত কণ্ঠের বিকট চিৎকার।

লোকটা কাঁদছিল। আর হঠাৎ হঠাৎই অভিমাত্রী কণ্ঠে কাকে যেন বলছিল, ‘মর মর, মরে যা সব’।

আচমকা বস্তির গলি থেকে রাস্তায় ছিটকে এল এক পূর্ণ-যুবতী। কালো বোরখা ছিঁড়ে বেরিয়ে পড়েছে ভয়াবহ দুই চোখ। লোকটাকে ছুটে এসে জড়িয়ে ধরল, ‘বাঁচাও বাবা, আমাকে বাঁচাও।

লোকটার কান্না উধাও। হেঁচকায় মেয়েটার হাত টেনে পালাতে চাইলো উত্তরে।

কিন্তু খানিকটা যেতেই রাস্তা বন্ধ। পথ রোধ করে দাঁড়িয়ে কয়েকশো হিংস্র পশু। সবাই সশস্ত্র। তলোয়ার, রামদা, লাঠি, রড, পিস্তল।

তারপর ?

লোকটার হাত থেকে ছিনতাই হয়ে গেল যুবতী। প্রকাশ্যে রাস্তায় তাকে বিবস্ত্র করা হল। একে একে পনেরটি নরপিশাচ তার শরীরকে রক্তাক্ত, ক্ষতবিক্ষত করল।

তারপর ?

পেট্রল, দেশলাই কাঠি। আগুনের লকলকে ফণা। ধোঁয়া। রাজপথে ঝলসানো নারীদেহ। লোকটা কিন্তু পালায়নি। তফাতে দাঁড়িয়ে সব দেখল। কিন্তু কোন প্রতিরেোধ করতে পারলো না।

তারপর ?

পথ ঘাট সুনসান হয়ে গেলে কাঁধের ঝোলা থেকে বের করল বইগুলো। রাস্তার মাঝখানেই সাজালো। গীতা, উপনিষদ, কোরাণ, বাইবেল, ত্রিপিটক, গ্রন্থসাহেব, ছুঁড়ে দিল আগুনের কাঠি।

তারপর ?

জ্বলন্ত ধর্মগ্রন্থগুলির উপর ছ্যার ছ্যার করে পেছাব করে দিল লোকটা। আর পাগলের মত চ্যাঁচাতে লাগল, ‘মর, মরে যা—সব। নিজেরাই মারামারি করে মরে যা।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com